ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২১৯৫

অমরপুর, ৭ আগস্ট, ২০২৫

**অমরপুরে মা ও শিশুর স্বাস্থ্য সমস্যা বিষয়ে আলোচনা সভা**

জাতীয় স্বাস্থ্য মিশন এবং ইন্ডিয়ান একাডেমি অফ পেডিয়াট্রিক্সের যৌথ উদ্যোগে আজ অমরপুর পুরাতন টাউনহলে বিশ্ব মাতৃদুগ্ধ পান সপ্তাহ পালন করা হয়। এ উপলক্ষে মা ও শিশুদের স্বাস্থ্য সমস্যা এবং কিশোরী গর্ভাবস্থা প্রতিরোধের উপর একদিবসীয় আলোচনা সভা অনুষ্ঠিত হয় এবং বিশিষ্ট চিকিৎসকদের উপস্থিতিতে অনুষ্ঠিত হয় বিশেষ শিশু স্বাস্থ্য শিবির। অনুষ্ঠানের সূচনা করেন গোমতী জিলা পরিষদের সভাধিপতি দেবল দেবরায়। এছাড়া উপস্থিত ছিলেন বিধায়ক রঞ্জিত দাস, অমরপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সুচিত্রা দাস, অমরপুর ব্লকের বিএসি'র চেয়ারম্যান রবিত্র জমাতিয়া, স্বাস্থ্য দপ্তরের প্রাক্তন অধিকর্তা অধ্যাপক ডা. সঞ্জীব কুমার দেববর্মা, ত্রিপুরা মেডিকেল কলেজের স্বাস্থ্য তত্ত্বাবধায়ক অধ্যাপক ডা. জয়ন্ত কুমার পোদ্দার প্রমুখ। উদ্বোধকের ভাষণে গোমতী জিলা পরিষদের সভাধিপতি দেবল দেবরায় বলেন, শিশুদের জন্য মাতৃদুগ্ধ প্রকৃতির দেওয়া এক অমূল্য উপহার। সমস্ত রকমের সংক্রামক রোগের হাত থেকে বাঁচার জন্য শরীরে রোগ প্রতিরোধ ক্ষমতা গড়ে তুলতে মাতৃদুগ্ধ পান খুবই গুরুত্বপূর্ণ। ৬ মাস বয়স পর্যন্ত মাতৃদুগ্ধ পান শিশুদের মানসিক বিকাশ ও বুদ্ধির বিকাশে সহায়ক ভূমিকা নেয়। অনুষ্ঠানের তাৎপর্য ব্যাখ্যা করে বিধায়ক রঞ্জিত দাস বলেন, এই আলোচনায় মায়েরা সমৃদ্ধ হবেন। তিনি সরকারের বিভিন্ন কর্মসূচি তুলে ধরেন। সভায় সভাপতিত্ব করেন অমরপুর নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন বিকাশ সাহা। স্বাগত বক্তব্য রাখেন এসডিএমও ডা. প্রসেনজিৎ সরকার। তাছাড়া বিশ্ব মাতৃদুগ্ধ পান সপ্তাহের গুরুত্ব নিয়ে আলোচনা করেন অধ্যাপক ডা. সঞ্জীব কুমার দেববর্মা, অধ্যাপক ডা. জয়ন্ত কুমার পোদ্দার, ডা. গোপা চ্যাটার্জি প্রমুখ। এদিকে ১১৪ জন শিশুকে স্বাস্থ্য পরীক্ষা করে বিনামূল্যে প্রয়োজনীয় ওষুধপত্র প্রদান করা হয়।

*******